

খবর নিয়ে খবরদারি

অনিমেষ বৈদ্য

যেহেতু এটা ব্লগ, তাই আশা করি লেখার ফর্ম নিয়ে পরীক্ষা করা যায়। আজকের লেখাটি কোনও প্রবন্ধ নয়। বরং আজকের লেখাটি একটি গান। গাজীর গান আমাদের লোক সংস্কৃতির খুব পরিচিত একটি ফর্ম। আজকের লেখাটি সেই গাজীর গান ফর্মকে আশ্রয় করেই রচিত। সংবাদমাধ্যম, পক্ষ-বিপক্ষ-নিরপেক্ষ, নৈতিকতা ইত্যাদি সব কিছু ঘিরেই এই গান আবর্তিত। রইলো গানটি।

আমরা সবার আগে ঠেকাই মাথা পুঁজিবাদের পায়ে,
সুযোগ বুঝে ডাইনে চলি, সুযোগ বুঝে বাঁয়ে। আমরা সংবাদ মাধ্যম।
আমরা সংবাদ মাধ্যম, উত্তম মধ্যম, করি খবর-দারি,
সত্য মিথ্যে, মিথ্যে সত্য বানিয়ে দিতেও পারি। আমরা খুব সেয়ানা।
আমরা খুব সেয়ানা, সবই জানা, কোথায় কী সব ঘটে,
দূরের খবর ভাসিয়ে আনি সবার সন্মিকটে। আমরা চতুর্থ স্তম্ভ।
আমরা চতুর্থ স্তম্ভ, দারুণ দস্ত, সাধের গণতন্ত্রে,
নিজের মতো খবর করি সুবিধাবাদের মস্ত্রে। আমরা নিরপেক্ষ।
আমরা নিরপেক্ষ, কী আলোখ্য, কাগজ, টিভির পর্দায়,
পানের সঙ্গে চুন লাগিয়ে সার্ভ করেছি জর্দায়। বিজ্ঞাপন বিরতি।
বিজ্ঞাপন বিরতি, কী লাভ ক্ষতি, হিসেবের ঠিক তুল,
খবরের ফাঁকে উঁকি মারে রকেটের ক্যাপসুল। সবই বিক্রিবাটা।
সবই বিক্রিবাটা, জোয়ার ভাটা, দলীয় রাজনীতি,
সুযোগ মতো পাল্টি খাওয়া গণতান্ত্রিক রীতি। আমরা সবাই জানি।
আমরা সবাই জানি, প্রকাশ্যে মানি, নিরপেক্ষের গল্প,
নৈতিকতার কথা ভাবলে ধাক্কা লাগে অল্প। এটা খুব স্বাভাবিক।
এটা খুব স্বাভাবিক, কোনটা যে ঠিক, সবই গুলিয়ে যায়,
পক্ষে-বিপক্ষে নিরপেক্ষ ভীষণ অসহায়। ইহা সত্য বচন।
ইহা সত্য বচন, অশ্রু মোচন, পাঠক বলে ধুসা!,
চারের পাতায় নারী মুক্তি, খেলাতে পৌরুষ। এটাই চলতে থাকবে।
এটাই চলতে থাকবে, মশলা মাখবে, পাঠক তো আগ্রহী,
নিজের মতোই ঠিক করবো কারা দেশদ্রোহী। সঙ্গে ফুটেজ আছে।
সঙ্গে ফুটেজ আছে, সবার কাছে, পৌঁছে দেবো ঠিক,
আলোচনায় ঠিক করবো দেশপ্রেমের দিক। আমরা বিশেষজ্ঞ।
আমরা বিশেষজ্ঞ, রোজকার যজ্ঞ, টিভির পর্দা জুড়ে।
জেএনইউ-তে আছি আমরা, আছি যাদবপুরে। ফুটেজ জালি নাকি।
ফুটেজ জালি নাকি, কুর্গিশ পাকি, ছাত্রদের শ্লোগানে।
সে সব নাকি সব সাজানো, বানানো সাবধানে। তবু প্রচার করে।

তবু প্রচার করে, প্রত্যেক ঘরে, সঙ্কের টিভি পর্দা।
কানহাইয়ার কলার ধরে দেশপ্রেমী বড়দা। সাধের সংবাদ মাধ্যম।
সাধের সংবাদমাধ্যম, খেলছো উদ্যম, পক্ষ নিয়ে খেলা।
গ্যালারিতে আমরা বসি প্রতি সন্ধে বেলা। এটাই এখন রীতি।
এটাই এখন রীতি, লাগছে ভীতি, মিথ্যে হচ্ছে সত্য।
নৈতিকতা ভুলে গিয়ে, গিমিক বানানোয় মত্ত। এটাই এখন ইন থিং।
এটাই এখন ইন থিং, মিডিয়া কিং, জনতা দাবার বোড়ে।
যেমন করে মিডিয়া ঘোরায়, পাবলিক তেমন ঘোরে। ও শোন সুধীজন।
ও শোন সুধীজন, ভয়ে এখন, কথা করছি শেষ,
খবর হইতে খবরদার ভাবছে অনিমেঘ, তাহা ভাবছে অনিমেঘ।